

নিয়োগ দুর্নীতি শিক্ষা কর্মকর্তাসহ ১০ জনের বিরুদ্ধে পৃথক ছয় মামলা

■ ইত্তেফাক রিপোর্ট

জালিয়াতির মাধ্যমে নাটোরের সিংড়া উপজেলার আলহাজ জালালউদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয়ে শিক্ষক ও ইন্সট্রাক্টর পদে নিয়োগ দেওয়ার অভিযোগে শিক্ষা কর্মকর্তাসহ ১০ জনের বিরুদ্ধে পৃথক ছয়টি মামলা অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল মঙ্গলবার কমিশনের নিয়মিত বৈঠকে এই ছয়টি মামলার অনুমোদন দেওয়া হয়। এই চক্রটি নিয়োগ দুর্নীতির মাধ্যমে ৪০ লাখ ৬৫ হাজার ২৩৯ টাকা আত্মসাৎ করেছে। শিগগিরই মামলাটি থানায় দায়ের করা হবে বলে দুদকের জনসংযোগ কর্মকর্তা প্রণব ভট্টাচার্য জানিয়েছেন।

যাদেরকে আসামি করা হচ্ছে তারা হলেন- নওগাঁ জেলার পোড়সা উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মুসহাক আলী, বগুড়া ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যক্ষ আহাম্মদ হোসেন, নাটোর জেলার সিংড়া উপজেলার আলহাজ জালালউদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম, নিয়োগ কমিটির কার্যকমিটির সদস্য মো. হানিফুজ্জামান, একই প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রিসিয়ান) মো. আব্দুল লতিফ, ইন্সট্রাক্টর ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং মোছা. জামিমা তানভিন, ট্রেড ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) মো. নাজিম উদ্দিন, ট্রেড ইন্সট্রাক্টর (সিভিল কন্সট্রাকশন) মো. রবিউল করিম, সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) মো. মাহফুজ আহমেদ এবং সহকারী শিক্ষক (ইংরেজি) মো. আব্দুল রাজ্জাক। আসামিদের মধ্যে মো. মুসহাক আলী, আহাম্মদ হোসেন, মো. নজরুল ইসলাম ও মো. হানিফুজ্জামানকে সব মামলায় আসামি করা হয়।